



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়  
প্রাথমিক শিক্ষা, বরিশাল।  
[www.dpe.barisaldiv.gov.bd](http://www.dpe.barisaldiv.gov.bd)

স্মারক নং ৩৮.০১.১০০০.০০০.৯৯.০১.২০২৪. ৬৩৫


তারিখ: ২১ আশ্বিন ১৪৩২  
০৬ অক্টোবর ২০২৫

বিষয় : নিবন্ধন সনদপত্র প্রেরণ।

সূত্র : প্রাশিঅ/বরি/১৬৫১, তারিখ: ২২-০৮-২০২৪ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সভাপতি, ভদ্রপাড়া করম আলী সিকদার বেসরকারি প্রাথমিক বিদ্যালয়, গ্রাম: ভদ্রপাড়া, ডাকঘর: গৈলা, উপজেলা: আগৈলঝাড়া, জেলা: বরিশাল এর আবেদন ও সংযুক্ত কাগজপত্রের আলোকে বেসরকারি প্রাথমিক বিদ্যালয়, নিবন্ধন বিধিমালা, ২০২৩ এর বিধি ৫ এর উপ-বিধি (৫) মোতাবেক নিবন্ধন সনদপত্র প্রেরণ করা হলো।

সভাপতি  
ভদ্রপাড়া করম আলী সিকদার বেসরকারি প্রাথমিক বিদ্যালয়  
গ্রাম: ভদ্রপাড়া, ডাকঘর: গৈলা, উপজেলা: আগৈলঝাড়া  
জেলা: বরিশাল

  
নিলুফার ইয়াসমিন  
বিভাগীয় উপপরিচালক  
প্রাথমিক শিক্ষা, বরিশাল।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়  
প্রাথমিক শিক্ষা, বরিশাল।

[www.dpe.barisaldiv.gov.bd](http://www.dpe.barisaldiv.gov.bd)

## নিবন্ধন সনদপত্র

নিবন্ধন নম্বর: ০০০৩

তারিখ: ২১ আশ্বিন, ১৪৩২  
০৬ অক্টোবর, ২০২৫


প্রত্যয়ন করা যাইতেছে যে, ভদ্রপাড়া করম আলী সিকদার বেসরকারি প্রাথমিক বিদ্যালয়, গ্রাম: ভদ্রপাড়া, ডাকঘর: গৈলা, উপজেলা: আঁগেলঝাড়া, জেলা: বরিশাল, IPEMIS কোড নম্বর: ৪১০৩৯১ EMIS কোড নম্বর: ০৩৫০১০১০৪৪৬, কে বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০২৩ এর অধীন নিবন্ধনের উপযুক্ত বিবেচিত হওয়ায় উক্ত বিধিমালায় বিধি ৫ এর উপ-বিধি (৫) এর বিধান অনুযায়ী বিদ্যালয়টিকে এতদ্বারা নিবন্ধন সনদ প্রদান করা হইল। বিধিমালায় উল্লিখিত শর্তসমূহ ছাড়াও উক্ত বিদ্যালয়কে নিম্নবর্ণিত শর্তসমূহ প্রতিপালন করিতে হইবে, যথা:-

শর্তসমূহ।

- ১) প্রাথমিক শিক্ষা বিভাগ প্রণীত নীতিমালা অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করিতে হইবে।
- ২) জাতীয় দিবসসমূহ যথাযোগ্য মর্যাদায় উদযাপন করিতে হইবে।
- ৩) বিদ্যালয়ে ভর্তিকৃত শিক্ষার্থীর উপস্থিতি ও প্রাথমিক শিক্ষাচক্র সমাপ্তির দায়িত্ব পালন করিতে হইবে।
- ৪) জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক নির্ধারিত বই বর্হিত্ত কোন অতিরিক্ত বই অর্ন্তভুক্তির ক্ষেত্রে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের প্রাক-অনুমতি গ্রহণ করিতে হইবে।
- ৫) বিদ্যালয় সংক্রান্ত সকল প্রকার তথ্য সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসে চাহিবামাত্র সরবরাহ করিতে হইবে।
- ৬) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন যে কোন সরকারি কর্মকর্তা বিদ্যালয়টি পরিদর্শন করিতে পারিবেন।
- ৭) রাষ্ট্রদ্রোহী মনোভাব সৃষ্টি করে এমন বিষয় পাঠ্যপুস্তকে অর্ন্তভুক্ত করা যাইবে না।
- ৮) ধর্মীয় সম্প্রীতির পরিপন্থি কোন বিষয় পাঠ্যপুস্তকে অর্ন্তভুক্ত করা যাইবে না।
- ৯) বর্ণিত শর্ত ও নীতিমালা অনুযায়ী বিদ্যালয় সুষ্ঠুভাবে পরিচালিত না হইলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিবন্ধন সনদ প্রত্যাহার করিবার অধিকার নিবন্ধনকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করিবেন।
- ১০) প্রতি ৫ (পাঁচ) বৎসর মেয়াদে নিবন্ধন নবায়ন করিতে হইবে।
- ১১) নিবন্ধনের মেয়াদ অতিক্রান্ত হইবার অন্ত্যন ৬০ (ষাট) দিন পূর্বে আবেদন করিতে হইবে।

নিবন্ধন কর্তৃপক্ষের সীলমোহর



  
০৬.১০.২০২৫

নিলুফার ইয়াসমিন  
বিভাগীয় উপপরিচালক  
প্রাথমিক শিক্ষা, বরিশাল।  
ফোন: ০২৪৭৮৮৬৪৪৮৯

